

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর  
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়  
৩২, বিচারপতি এস.এম.মোর্শেদ সরণী,  
আগারগাঁও, শেরেবাংলা নগর ঢাকা-১২০৭।

আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরে ২৫ জুন ২০১৯ তারিখে অনুষ্ঠিত ইনোভেশন কমিটি সভার  
কার্যবিবরণী।

সভাপতি	মোঃ সুজায়েত উল্যা পরিচালক
সভার তারিখ	২৫ জুন ২০১৯
সভার সময়	সকাল ১১:০০ টা
স্থান	জাতীয় আরকাইভস পরিচালকের কক্ষ ১) জনাব মুহাম্মদ মুসলিম উদ্দিন, বিবলিওগ্রাফার, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা - উপস্থিতি সদস্য ২) জনাব মোঃ হারিছ সরকার, প্রোগ্রামার, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা - সদস্য সচিব

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা শুরু করার জন্য সদস্য সচিবকে অনুরোধ জানান। ইনোভেশন টিমের সদস্য সচিব জনাব মোঃ হারিছ সরকার আলোচ্যসূচির প্রারম্ভে গত সভার সিদ্ধান্ত এবং সিদ্ধান্ত অনুযায়ী অগ্রগতি পড়ে শোনান। সদস্য সচিব জনাব মোঃ হারিছ সরকার জানান ৩০ জুন ২০১৯ তারিখের মধ্যে আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি মূল্যায়ন কাঠামো, ২০১৯-২০২০ প্রণয়ন করে নিম্নলিখিত ঠিকানায় প্রেরণ করতে হবে: অতিরিক্ত সচিব (সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, কক্ষ নম্বর: ১০০১, সরকারি পরিবহন পুল ভবন, বাংলাদেশ সচিবালয় লিংক রোড, ঢাকা। এছাড়া অধিদপ্তরের তথ্য বাতায়নে আপলোড করতে হবে এবং ইলেকট্রনিক কপি eg\_sec2@cabinet.gov.bd ঠিকানায় প্রেরণ করতে হবে।

আলোচনা-পর্যালোচনার প্রেক্ষিতে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়:-

১) আগামী ৩০ জুন ২০১৯ তারিখের মধ্যে অদ্য চূড়ান্তকৃত বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি মূল্যায়ন কাঠামো, ২০১৯-২০২০ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

২) উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০১৮-১৯ এর বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন আগামী ১৫ জুলাই ২০১৯ তারিখের মধ্যে তৈরি করে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ সুজায়েত উল্যা  
পরিচালক

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) মহাপরিচালক, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
- ২) উপপরিচালক (আরকাইভস) (চলতি দায়িত্ব), উপপরিচালক (আরকাইভস) এর দপ্তর, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
- ৩) চিফ বিবলিওগ্রাফার/উপপরিচালক (চলতি দায়িত্ব), চিফ বিবলিওগ্রাফার/উপপরিচালক এর দপ্তর, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
- ৪) মাইক্রোফিল্ম অফিসার, মাইক্রোফিল্ম (সংরক্ষণ) অফিসারের দপ্তর, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
- ৫) বিবলিওগ্রাফার, বিবলিওগ্রাফি (সংকলন) , আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
- ৬) বিবলিওগ্রাফার, বিবলিওগ্রাফি (প্রকাশনা ও রেফারেন্স) , আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
- ৭) গবেষণা কর্মকর্তা, গবেষণা শাখা, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
- ৮) সহকারী গ্রন্থাগার পরিচালক, সহকারী গ্রন্থাগার পরিচালক এর দপ্তর, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
- ৯) জুনিয়র মাইক্রোফিল্মিং এন্ড ফটোস্ট্যাটিং অফিসার, বাঁধাই ও মেরামত শাখা, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
- ১০) সহকারী পরিচালক, সহকারী পরিচালক (সংগ্রহ ও উন্নয়ন) এর দপ্তর, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর



মোঃ হারিছ সরকার  
প্রোগ্রামার